

স্মারক নং ৪ ৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৯.১৭- ৫৯২

তারিখঃ ২০.০৮.২০১৭ খ্রিঃ।


বিষয়ঃ আদর্শ ইসলামী মিশন মহিলা কামিল মাদরাসাটি (৩/১৪, ব্লক-জি, কাজী নজরুল ইসলাম রোড, লালমাটিয়া, ঢাকা) সেরে জমিনে তদন্তপূর্বক চাহিত ও প্রয়োজনীয় তথ্যসহ একটি প্রতিবেদন মাদরাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে মহোদয়ের অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, আদর্শ ইসলামী মিশন মহিলা কামিল মাদরাসা ঢাকা মহানগরের একটি অন্যতম কামিল মাদরাসা। মাদরাসাটিতে বিভিন্ন অনিয়ম রয়েছে মর্মে জানা গেছে। দাপ্তরিক প্রয়োজনে মাদরাসাটি সম্পর্কে নিম্নোক্ত তথ্যাদি প্রয়োজন-

- (ক) মাদরাসাটি কত সনে প্রতিষ্ঠিত?
- (খ) মাদরাসাটির দাখিল, আলিম, ফাযিল ও কামিল স্তর কোন কোন সনে এম.পি.ও ভুক্ত হয়েছে (প্রমাণকসহ)?
- (গ) আলিম স্তরের হাল নাগাদ স্বীকৃতি আছে কি-না? থাকলে প্রমাণকসহ। না থাকলে (১) না থাকার কারণ কি? (২) ইতোপূর্বকার (immediate past) স্বীকৃতির কপি।
- (ঘ) ফাযিল/কামিল স্তরের হাল নাগাদ বিশ্ববিদ্যালয় কর্তৃক অধিভুক্তি নবায়ন আছে কি-না? থাকলে প্রমাণকসহ। না থাকলে (১) না থাকার কারণ কি? (২) ইতোপূর্বকার (immediate past) অধিভুক্তি নবায়ন কপি।
- (ঙ) হাল নাগাদ মাদরাসাটির গভর্নিং বডি আছে কি না? থাকলে প্রমাণকসহ। না থাকলে (১) না থাকার কারণ কি? (২) ইতোপূর্বকার (immediate past) গভর্নিং বডির কপি।
- (চ) মাদরাসার অধ্যক্ষ পদটি শূণ্য কি-না? শূণ্য থাকলে কত দিন/কত বছর যাবৎ শূণ্য রয়েছে? অধ্যক্ষ পদটি দীর্ঘ দিন যাবৎ শূণ্য থাকলে এর কারণ কি? অধ্যক্ষের শূণ্য পদ পূরণের নিমিত্ত কোন পদক্ষেপ / নিয়োগ কার্যক্রম মাদরাসা কর্তৃপক্ষ কর্তৃক গ্রহণ করা হয়েছে কি-না (প্রমাণকসহ)?
- (ছ) অধ্যক্ষ পদ শূণ্য থাকলে বর্তমান উপাধ্যক্ষ ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করছেন কি না?
- (জ) উপাধ্যক্ষ না থাকলে/ বর্তমান উপাধ্যক্ষ ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন না করলে বর্তমানে কে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করছেন?
- (ঝ) বর্তমান ভারপ্রাপ্ত অধ্যক্ষ (উপাধ্যক্ষ ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব প্রাপ্ত না হয়ে থাকলে) শিক্ষকদের মধ্যে জ্যেষ্ঠতম কি-না?
- (ঞ) বর্তমান ভারপ্রাপ্ত অধ্যক্ষ (উপাধ্যক্ষ ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব প্রাপ্ত না হয়ে থাকলে) শিক্ষকদের মধ্যে জ্যেষ্ঠতম না হলে কোন বিধান বলে বর্তমান ভারপ্রাপ্ত অধ্যক্ষকে অধ্যক্ষ হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে?
- (ট) বর্ণিত মাদরাসায় বর্তমানে (শিক্ষক/কর্মচারীর) কতটি পদ শূণ্য রয়েছে? শূণ্য থাকলে তা কত দিন যাবৎ শূণ্য রয়েছে?
- (ঠ) শূণ্য পদগুলো পূরণের জন্য ইতোপূর্বে কোন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কি-না (প্রমাণকসহ)?
- (ড) মাদরাসাটির সকল শিক্ষক নিয়মিত ক্লাস করেন কি-না (প্রমাণকসহ)?
- (ঢ) নিয়মিত ক্লাস না করলে এর কারণ কি?
- (ন) বিগত ০৫ (পাঁচ) বছরের বিভিন্ন স্তরের ফলাফল।
- (ত) বিদ্যমান নীতিমালা অনুযায়ী মাদ্রাসাটির কামিল পর্যায়ের ভৌত অবকাঠামো সংক্রান্ত তথ্য।

০২. দাপ্তরিক প্রয়োজনে ও মাদরাসাটির শৃংখলা ও উন্নয়নের স্বার্থে উপরিউক্ত তথ্যাদিসহ প্রয়োজনীয় অন্যান্য তথ্য প্রয়োজন।

০৩. এমতাবস্থায় মাদরাসাটি সেরে জমিনে তদন্তপূর্বক উপরিউক্ত তথ্যাদি ও প্রয়োজনীয় অন্যান্য তথ্য এবং মতামত ও সুপারিশসহ একটি প্রতিবেদন আগামি ৩০.০৮.২০১৭ খ্রি: তারিখের মধ্যে এ অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
20.08.17

(মো: আফাজ উদ্দীন)

থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোহাম্মদপুর, ঢাকা  
অনুলিপি:

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

১. সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা

ফোন নং-৯৩৪৫৮৮০

২. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ধানমন্ডি, ঢাকা।

ই-মেইল-[dgdmeb@gmail.com](mailto:dgdmeb@gmail.com)

৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা অঞ্চল।

৪. জেলা শিক্ষা অফিসার, ঢাকা।

৬. অফিস কপি।